পাঠ ৯

আনন্দে সমাপন

সমবেত বিশ্বাসী গণে গীর্জা ঘর পূর্ণ। তখন ফসল ঘরে তোলবার মৌসুম। মণ্ডলীর অন্যান্যদের সাথে ভোগ করবার জন্য সবাই তাদের উৎপন্ন ফসল থেকে কিছু না কিছু নিয়ে এসেছেন। সবাই আনন্দে ঈশ্বরের প্রশংসা গান করছেন।

কীম তার জীবনের নানা আশীর্বাদের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দেয়। সে ভাবে, ঈশ্বর আমার জন্য কত কিছুই না করেছেন! মাত্র কয়েক বছর আগেও সে যীশুকে জানত না। এখন তার সমগ্র পরিবারই বিশ্বাসী-দেহের অংশ। আর পবিত্র আত্মার পরিচালনার কাছে নিজেকে সপে দেওয়ার ফলে ঈশ্বর মণ্ডলীর কাজেও তাকে ব্যবহার করছেন। সে রোগীদের জন্য প্রার্থনা করেছে, ঈশ্বরের বাক্য শিক্ষা দিয়েছে। মণ্ডলীতে ঈশ্বর যে নেতাদের দিয়েছেন; তাদের সংগেও সে কাজ করতে শিখেছে।

গান শুনতে শুনতে আর এক ফসল কাটার মৌসুমের কথা কীমের মনে পড়ে যায়—যখন তার কাজ করা হয়ে

যাবে, আর সে সামনা সামনি যীশুকে দেখতে পাবে। সে দিনটা কেমন আশ্চর্য সুন্দর হবে? সে অবাক হয়ে ভাবে।

খ্রীষ্টিয় কার্যকারীর ভবিষ্যত কি, এ নিয়ে আপনিও হয়তো মনে মনে চিন্তা করেছেন। এই পাঠ আপনাকে এর উত্তর পেতে সাহায্য করবে। এই পাঠের সত্যগুলি আপনাকে প্রভুর কাজে প্রেরণা দিক ও পবিত্র আনন্দে আপনার অন্তর ভরিয়ে তুলুক।

এই পাঠে আপনি পড়বেন......

কাজ সমাপন

আনন্দ

এ পাঠ পড়ে আপনি.........

★ একজন খ্রীষ্টিয়ানের কাজ ও তার ফলগুলির তিনটি বর্ণনা দিতে পারবেন।

★ বিশ্বস্ত খ্রীষ্টিয় কার্যকারী যে পাঁচটি পুরস্কার লাভ করবে সেগুলি বর্ণনা করতে পারবেন।

★ যে দিন প্রভুকে সামনা সামনি দেখতে পাবেন ও আপনার পুরস্কার লাভ করবেন সেই দিনের দিকে দৃষ্টি রেখে, আনন্দের সংগে প্রভুর কাজ করে যেতে পারবেন।

কাজ সমাপন

লক্ষ্য ১ঃ একজন খ্রীষ্টিয়ান যে সব কাজ করেন তাদের কোনটি থেকে কি ফল বা শিক্ষা পাওয়া যায় তা বলতে পারা।

দৌড় প্রতিযোগিতা

নুতন নিয়মে খ্রীষ্টিয় জীবনকে একটা দৌড় প্রতিযোগিতার সাথে তুলনা করা হয়েছে। প্রেরিত পৌল বলেছেন, "আমি শেষ সীমার দিকে ছুটে চলছি, যেন খ্রীষ্ট যীশুর মধ্য দিয়ে ঈশ্বরের স্বর্গমুখী ডাকের মধ্যে যে পুরস্কার রয়েছে তা আমি পাই" (ফিলিপীয় ৩ঃ১৪)। খ্রীষ্টিয় দৌড় প্রতিযোগিতায় প্রত্যেক বিশ্বস্ত প্রতিযোগীই

জয়লাভ করতে পারেন! যীশু বলেছেন,' ,দেখ, আমি শীঘ্রই আসছি এবং প্রত্যেককে তার কাজ অনুসারে দেবার পুরস্কার আমার সংগেই আছে।" (প্রকাশিত বাক্য ২২ ঃ ১২)। খ্রীষ্টিয় কার্যকারীদের জন্য রয়েছে এক মহা আনন্দ।

কিন্তু দৌড় প্রতিযোগিতা শেষ করতে হলে আপনাকে অবশ্যই পরীক্ষা ও প্রলোভনের উপর জয়লাভ করতে হবে। আপনি নিজের জন্য দুঃখ বোধ করতে পারেন, আপনি হতাশা বোধ করতে পারেন। আপনার পরিকল্পনা

আপনি যেমনটি চান, তেমনটি সফল না-ও হতে পারে। কিন্তু প্রতিটি ক্ষেত্রেই আপনি পবিত্র আত্মার শক্তিতে এদের মুখোমুখী হয়ে, এদের উপর জয়ী হতে পারেন। একদিন

এই দৌড় প্রতিযোগিতা হবে। কেউ কেউ প্রতিযোগিতা ছেড়ে চলে যাবে, কোন কোন নেতারা ব্যর্থ হবে। "কিন্তু যে শেষ পর্যন্ত স্থির থাকবে সে উদ্ধার পাবে" (মথি ২৪ : ১৩)। তাই এমন ভাবে জীবন যাপন ও কাজ করুন যেন প্রেরিত পৌলের সংগে আপনিও বলতে পারেন, "খ্রীষ্টের পক্ষে আমি প্রাণপণে যুদ্ধ করেছি, দৌড়ের খেলায় শেষ পর্যন্ত দৌড়েছি এবং খ্রীষ্টিয় ধর্ম বিশ্বাসকে ধরে রেখেছি" (২ তীমথিয় ৪ : ৭)।

সমাপ্ত কাজ

নূতন নিয়মে আবার একজন খ্রীষ্টিয় কার্যকারীর পরিচর্যাকে এমন একটা কাজের সংগে তুলনা করা হয়েছে যা সমাপ্ত করা দরকার। যীশু বুঝতে পেরেছিলেন যে তাঁর উপর একটা কাজের ভার দেওয়া হয়েছে, আর তা তাঁকে সমাপ্ত করতেই হবে। সব সময় যে কাজ করা যাবে না তা-ও তিনি জানতেন। তিনি বলেছেন, "যিনি আমাকে পাঠিয়েছেন, বেলা থাকতে থাকতে তাঁর কাজ শেষ করে ফেলা আমাদের দরকার। রাত আসছে, তখন কেউই কাজ করতে পারবে না" (যোহন ৯ : ৪)। তাঁর কাজ শেষ হলে পর যীশু তা বুঝতে পেরেছিলেন। তিনি তার পিতাকে বলেছিলেন, "তুমি যে কাজ আমাকে করতে দিয়েছ, তা শেষ করে এই জগতে আমি তোমার মহিমা প্রকাশ করেছি" (যোহন ১৭ : ৪)।

মথি ২৮ঃ ১৯—২০ পদে যীশু আমাদের কাজ বর্ণনা করেছেন। আমাদের বুঝা দরকার যে এমন এক সময় আসবে যখন খ্রীষ্টিয় কার্যকারী হিসাবে কাজ করবার সুযোগ আর থাকবে না। কিন্তু প্রত্যেক খ্রীষ্টিয় কার্যকারী জেনে তৃপ্তি বোধ করবেন যে, ঈশ্বর তাকে যে কাজ করতে দিয়েছেন তা সমাপ্ত করা যায়। আপনি এখন সেই কাজ করছেন এবং বিশ্বস্তভাবে তা করুন।

আপনার করণীয়

১। নোট খাতায় নীচের বাক্যটি আপনার নিজের কথায় পূর্ণ করে লিখুন। বাইবেলে খ্রীষ্টিয় জীবন অথবা কাজকে যে দৌড় প্রতিযোগিতার সাথে তুলনা করা হয়েছে তা থেকে আমি এই শিক্ষা পাই যে..................................

ফসল সংগ্রহ

নূতন নিয়ম বলে যে একজন খ্রীষ্টিয় কার্যকারীর কাজ হলো ফসল সংগ্রহ করবার মত (মথি ৯ঃ ৩৭-৩৮)। ফসল কাটা বলতে যে বীজ বপন করা

হয়েছিল সেই বীজের কথা, পরিপক্ক ফসলের কথা এবং ফল সংগ্রহ করবার কথা তা স্মরণ করিয়ে দেয়। ফসল কাটার মৌসুম সর্বদাই এক মহানন্দের সময়। সর্বশেষ ফসল কাটার মৌসুমে স্বর্গেও আনন্দ হবে। খ্রীষ্ট দেহের সভ্য সভ্যাদের একত্রে কাজের এবং খ্রীষ্টের ভালবাসা দেখানোর ফলে, যে অগণিত লোকদের পক্ষে অনন্ত জীবন লাভ করা সম্ভব হয়েছে, তাদের দেখে খ্রীষ্টিয় কার্যকারীরা সেই ফসল সংগ্রহের আনন্দ পাবেন। ঈশ্বরের একজন কার্যকারী হিসাবে আপনিও সেই আনন্দের সহভাগী হবেন। আপনি আপনার পরিশ্রমের ফল হিসাবে তাঁদের দেখতে পাবেন যারা যীশু খ্রীষ্টে বিশ্বাস করেছে, যাদের রোগ ভাল হয়েছিল, যারা উৎসাহ লাভ করেছিল। সেটা কী সুন্দর সময়ই-না হবে!

আপনার করণীয়

২। যে শাস্ত্রাংশে খ্রীষ্টিয় জীবনকে একটা দৌড় প্রতিযোগিতা বলা হয়েছে সেটি হচ্ছে ঃ

ক) মথি ৯ ঃ ৩৭—৩৮

খ) মথি ২৪ ঃ ১৩
গ) ফিলিপীয় ৩ ঃ ১৪
ঘ) প্রকাশিত বাক্য ২২ ঃ ১২

৩। মনে করুন আপনি কারো কাছে একজন খ্রীষ্টিয়ানের কাজের বিষয় বর্ণনা করতে চান। আপনার নোট খাতায় তিনটি তুলনার কথা উল্লেখ করুন, যে গুলি আপনি এই উদ্দেশ্যে ব্যবহার করতে পারতেন। প্রতিটি তুলনার জন্য কমপক্ষে একটি বাইবেল পদ উল্লেখ করুন।

৪। (ডান পাশে) একজন খ্রীষ্টিয়ানের বিভিন্ন কাজের কোনটি (বাম পাশের) কোন শিক্ষা দেয় তা দেখান।

...ক যে কাজ করতে দেওয়া হয়েছে তা শেষ করা।	১) দৌড় প্রতিযোগিতায় জয়লাভ।
...খ বিশ্বস্তভাবে শেষ পর্যন্ত স্থির থেকে লক্ষ্যে পৌঁছানো।	২) কাজ সমাপ্ত করা।
...গ যে লোকেরা খ্রীষ্টে বিশ্বাস করেছে তাদের	৩) ফসল সংগ্রহ।

দেখবার আনন্দের ভাগী
হওয়া।

আনন্দ

লক্ষ্য ২ঃ খ্রীষ্টিয় কার্যকারী যে পুরস্কারগুলি পাবেন, সেগুলি বলতে পারা।

একদিন কর্মচারীদের কাজের বেতন দেওয়া হয়। একটা সময় আছে যখন কোন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার দেওয়া হয়। একইভাবে যারা প্রভুর জন্য কাজ করেন, তারা তাদের কাজের পুরস্কার লাভ করবেন।

ঈশ্বর আমাদের তাঁর কাজ করবার সুযোগ দিয়েছেন।

তিনি তাঁর ভবিষ্যত পরিকল্পনায় একটা সময় ঠিক করে

রেখেছেন, যখন তিনি সব খ্রীষ্টিয় কার্যকারীদের একত্রিত করবেন। প্রত্যেক ব্যক্তিকে নিজ নিজ কাজ অনুসারে পুরস্কার দেওয়া হবে (১ করিন্থীয়—৩ ঃ ৮ ; ২ করিন্থীয় ৫ ঃ ১০)। তখন বিভিন্ন ধরণের পুরস্কার দেওয়া হবে। যারা বিশ্বস্ত জীবন-যাপন করেছে প্রথমে প্রভু নিজে তাদের স্বাগতঃ জানাবেন। তিনি বলবেন, "তুমি ভাল ও বিশ্বস্ত দাস" (মথি ২৫ ঃ ২১)। প্রভুর এই অনু-মোদন: আমাদের কল্পনার যে কোন কিছু থেকেও অনেক মূল্যবান।

এছাড়াও ঈশ্বর আমাদের যা কিছু দেবার প্রতিজ্ঞা করেছেন, অর্থাৎ আমাদের উত্তরাধিকার, আমরা লাভ করব। রোমীয় ৮ ঃ ১৭ পদে আছে "ঈশ্বর খ্রীষ্টকে যা দেবেন আমরাও তাঁর সংগে তা পাব কারণ আমরা যদি খ্রীষ্টের সংগে দুঃখ-কষ্ট পাই তবে তাঁর মহিমাও পাব।"

আর একটা পুরস্কার হল আমরা যে সকল লোকদের আত্মিক জীবনে সাহায্য করেছি, তাদের দেখতে পাব। প্রেরিত পৌলও এই আনন্দ লাভ করতে চেয়েছেন। থিষল-নীকীয় বিশ্বাসীদের তিনি লিখেছেন, "আমাদের প্রভু যীশু যখন আসবেন, তখন তাঁর সামনে তোমরাই কি আমাদের আশা, আনন্দ ও গৌরবের জিনিষ হবে না? সত্যি, তোমরাই আমাদের গৌরব, তোমরাই আমাদের আনন্দ।

বাইবেলে আবার খ্রীষ্টিয় কার্যকারীদের বিজয় মুকুট

লাভের কথাও বলা হয়েছে। নূতন নিয়ম যখন লেখা হয় তখন বিজয়ী খেলোয়ারদের যে মুকুট দেওয়া হত তা ছিল ফুলের অথবা লতা-পাতার তৈরী। বেশী সময় না টিকলেও সেটা খুবই মূল্যবান। এটা লাভ করবার জন্যই সে দীর্ঘকাল ধরে কঠিন পরিশ্রম করেছে। ১ করিন্থীয় ৯ : ২৫ পদে আছে যে, আমাদের মুকুট ফুল অথবা লতা-পাতার তৈরী মুকুটের মত ক্ষণস্থায়ী নয়, তা হবে চিরস্থায়ী। তা হবে এক মহিমার মুকুট (১ পিতর ৫ : ৪)।

কিন্তু চিরকাল প্রভুর সংগে থাকবার পূর্ণ আনন্দ লাভ করাই হবে সবচেয়ে বড় পুরস্কার (১ থিষলনীকীয় ৪ : ১৭)। কোন দিন এ আনন্দের শেষ হবে না।

আপনার করণীয়

৫। মনে করুন একজন খ্রীষ্টিয় কার্যকারী কি কি পুরস্কার পাবে আপনার কোন এক বন্ধুকে তা বলতে চান। নোট খাতায় এদের পাঁচটি পুরস্কার এবং প্রতিটির জন্য একটি করে বাইবেলের পদ উল্লেখ করুন।

একজন বিশ্বস্ত খ্রীষ্টিয় কার্যকারী হন। সাধু পৌল

প্রথম মণ্ডলীর কার্যকারীদের যে কথাগুলি লিখেছিলেন, তা স্মরণ করুন সেগুলি তখনকার মত এখনও সমান সত্য ঃ "সেই জন্যই, আমার প্রিয় ভাইয়েরা, শক্ত হয়ে দাঁড়াও, কোন কিছুই যেন তোমাদের নড়াতে না পারে। সব সময় প্রভুর কাজের জন্য নিজেকে সম্পূর্ণভাবে দিয়ে দাও, কারণ তোমরা জান, তাঁর কাজে তোমাদের পরিশ্রম নিষ্ফল নয়" (১ করিন্থীয় ১৫ ঃ ৫৮)।

এখন আপনি **খ্রীষ্টিয় কার্যকারী** নামক কোর্সটি পড়ে শেষ করলেন। মণ্ডলীতে আপনার সেবার উপযুক্ত স্থান খুঁজে পেয়ে ঈশ্বরের দেওয়া দানগুলি ব্যবহার করুন। খ্রীষ্ট দেহকে আশীর্বাদের ভাগী ও শক্তিশালী করে তোলবার কাজে ঈশ্বর আপনাকে সাহায্য করুন। অন্যান্য বিশ্বাসীদের সংগে কাজ করতে গিয়ে পরিচর্যা দান অথবা নেতাদের কর্তব্য ইত্যাদি বিষয়গুলি স্মরণ করবার জন্য আগের কোন কোন পাঠ আবারও দেখবার প্রয়োজন হতে পারে। কখনও ভুলে যাবেন না, যে বিশ্বাসীদের নিয়েই খ্রীষ্টের মণ্ডলী। খ্রীষ্টই এক শক্তিশালী মণ্ডলী গড়ে তুলবেন, আর একজন খ্রীষ্টিয় কার্যকারী হিসাবে তিনিই এ কাজে আপনাকে সাহায্য করবেন।

এখন আপনি ৬ষ্ঠ—৯ম পাঠের ছাত্র রিপোর্টের বাকী অর্ধাংশ পূরণ করতে প্রস্তুত। এই পাঠগুলি আবার দেখে নিন। তারপর ছাত্র রিপোর্টের নির্দেশ অনুযায়ী কাজ করুন। উত্তর পত্রটি আই-সি-আই অফিসে আপনার

শিক্ষকের কাছে পাঠানোর সময় আর একখানি কোর্সের জন্য তাকে অনুরোধ করুন।

আপনার উত্তর

৩। আপনার উত্তরে নীচের ধারনাগুলি এবং প্রতিটির জন্য কমপক্ষে একটি বাইবেল পদ থাকবে ঃ

তা একটা দৌড় প্রতিযোগিতার মত ; ফিলিপীয় ৩ ঃ ১৪

তা একটা কাজ সমাপ্ত করবার মত ; যোহন ৯ ঃ ৪ ; ১৭ ঃ ৪

তা ফসল সংগ্রহ করবার মত ; মথি ৯ঃ৩৭-৩৮

১। আপনার উত্তর এই ধরণের হতে পারে ঃ বাইবেলে খ্রীষ্টিয় জীবনকে একটা দৌড় প্রতিযোগিতার সাথে তুলনা করা থেকে আমি এই শিক্ষা পাই যে খ্রীষ্টিয় কার্যকারীকে অবশ্যই একটা লক্ষ্যে পেঁছিতে হবে। তাকে সোজা লক্ষ্যের দিকে এগিয়ে যেতে হবে, কোন কিছুই যেন তাকে অন্য পথে নিয়ে যেতে না পারে। (আপনি হয়ত তুলনা থেকে প্রাপ্ত অন্য কোন শিক্ষার কথা লিখেছেন।)

৪। ক ২) কাজ সমাপ্ত করা।

খ ১) দৌড় প্রতিযোগিতায় জয়লাভ।

গ ৩) ফসল সংগ্রহ করা

২। গ) ফিলিপীয় ৩ ঃ ১৪

৫। আপনার উত্তরে নীচের বিষয়গুলি থাকবে ঃ

আমাদের প্রভুর অনুমোদন ; মথি ২৫ ঃ ২১

একটা উত্তরাধিকার ; রোমীয় ৮ ঃ ১৭

আমরা যাদের সাহায্য করেছি তাদের দেখবার আনন্দ ১ থিষলনীকীয় ২ ঃ ১৯

একটা বিজয় মুকুট ; ১ করিন্থীয় ৯ ঃ ২৫ অথবা ১ পিতর ৫ ঃ ৪

চিরদিন ঈশ্বরের সংগে থাকবার আনন্দ ১ থিষলনীকীয় ৪ ঃ ১৭